



জাতীয় মানবাধিকার কমিশন

বিটিএমসি ভবন, (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

পিএবিএক্স নম্বর: 55013726-28; হেল্প লাইন নম্বর: 16108

ওয়েবসাইট- www.nhrc.org.bd, ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নম্বর: এনএইচআরসিবি/প্রেসবিজ্ঞ-২৩৯/১৩-২০০

তারিখঃ ০৬ ডিসেম্বর ২০২৩

সংবাদ বিজ্ঞপ্তি

সাম্প্রতিক দিনগুলোতে কমিশন প্রত্যক্ষ করেছে বিভিন্ন গোষ্ঠির ছত্রছায়ায় কিছু সংখ্যক দুষ্কৃতকারী দেশব্যাপী অসহিষ্ণু ও বিশৃঙ্খল অবস্থার সৃষ্টি করেছে। রাজনৈতিক অধিকার আদায়ের নামে জনসাধারণের দৈনন্দিন জীবনে ক্ষতিকর পদক্ষেপসমূহ যেমন- অবরোধ ও হুমকি প্রদান ইত্যাদির মাধ্যমে জনসাধারণের মনে ভীতি সঞ্চারের একটি প্রচেষ্টা অব্যাহত রয়েছে। ফলে জনজীবনের স্বাভাবিক গতিতে ছন্দপতন ঘটেছে; খেটে খাওয়া দিনমজুর মানুষের দৈনিক আয়েও প্রভাব পড়েছে। বিপর্যয় হচ্ছে সামগ্রিক জীবন, জীবিকা ও অর্থনীতির চলমান আবর্ত। এ জাতীয় অবস্থার সৃষ্টি মানবাধিকারের সুস্পষ্ট লঙ্ঘন; বেঁচে থাকার উপকরণ রুটি-রুজির উপর আঘাত কোনোভাবেই অধিকার আদায়ের সংগ্রাম হতে পারে না।

জনসমাগমের স্থানে অগ্নিসংযোগ, গণপরিবহনে অগ্নিসংযোগ, শিক্ষায়তনের ফটকে তালাবদ্ধ করা এবং বিদ্যালয়ে আগুন দেওয়ার মাধ্যমে ভয়-ভীতি ও সহিংসতা সৃষ্টি করে রাষ্ট্রীয় সম্পদের ক্ষতি সাধনের চেষ্টা অব্যাহত রয়েছে। যা সম্পূর্ণরূপে স্বাভাবিক জীবন যাপনের উপর বিরূপ প্রভাব সৃষ্টি করে। এ ধরনের রাজনৈতিক প্রচেষ্টার মাধ্যমে দেশব্যাপী নাশকতা, বিশৃঙ্খলতা ছড়ানোর কারণে জনজীবন দুর্বিষহ হওয়ার সম্মুখীন হচ্ছে। বছরের শেষ অংশে সারাদেশের শিক্ষায়তনগুলোতে মূল্যায়নের পরীক্ষা অনুষ্ঠিত হয়। শিক্ষা ক্ষেত্রে পরীক্ষা ও মূল্যায়ন উভয়ই অত্যন্ত গুরুত্বপূর্ণ। চলমান অবরোধের কারণে প্রতিনিয়তই পরীক্ষা গ্রহণে বিঘ্ন ঘটছে; এর ফলে মানসিকভাবে শিক্ষা অর্জনের ক্ষেত্রে ক্ষতিগ্রস্ত হচ্ছে কোমলমতি শিক্ষার্থীরা। বিভিন্নস্থানে বিচ্ছিন্নভাবে গুপ্ত হামলা, অগ্নিসংযোগ ও পিকেটিংয়ের মত ঘটনাও প্রতিনিয়ত লক্ষ্য করা যাচ্ছে। হুমকি প্রদান, অবরোধ প্রভৃতির কারণে জনমনে আতঙ্ক ও ভয়ের পরিস্থিতির সৃষ্টি দেশের জন্য কখনই কল্যাণকর হতে পারে না।

ইতোমধ্যে সারাদেশে নির্বাচনী প্রক্রিয়া চলমান রয়েছে। নির্বাচন কমিশন সংবিধানসম্মত উপায়ে নির্বাচনী প্রক্রিয়া চালিয়ে যাচ্ছে। জনগন নিজ ভোটাধিকার প্রয়োগের মাধ্যমে স্ব-স্ব নির্বাচনী এলাকার জনপ্রতিনিধি বেছে নেওয়ার সুযোগ পাবে এটি প্রত্যাশিত। এ অবস্থায়, সুষ্ঠু গণতান্ত্রিক ধারা অব্যাহত রাখার প্রচেষ্টায় সকল রাজনৈতিক দলকে ধৈর্য, সংযম ও সহনশীলতা বিরাজমান রাখার জন্য জাতীয় মানবাধিকার কমিশন হতে আহ্বান জানানো যাচ্ছে।

পাশাপাশি আইনশৃঙ্খলারক্ষাকারী বাহিনীকে যথাযথ ব্যবস্থা গ্রহণের জন্য পেশাদারিত্ব বজায় রেখে জনগনের জান-মাল ও সম্পদের নিরাপত্তায় আহ্বান জানানো যাচ্ছে।

স্বাক্ষরিত /-

মো. আজহার হোসেন

উপপরিচালক

জাতীয় মানবাধিকার কমিশন